



আজ সংরক্ষিত নারী আসনে নবনির্বাচিত ৪৯ এমপির শপথ



জাতীয় সংসদ ভবন। ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে নির্বাচিত ৪৯ জন সংসদ সদস্য আজ রবিবার শপথ নিতে যাচ্ছেন। জাতীয় সংসদ সচিবালয় থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

সংসদ সচিবালয় সূত্র জানায়, আজ রাত ৯টায় জাতীয় সংসদ ভবনের পূর্ব ব্লকের লেভেল-১-এর শপথক্ষেত্র নবনির্বাচিত নারী এমপিদের শপথগ্রহণ অনুষ্ঠিত হবে। শপথের মধ্য দিয়ে তারা আনুষ্ঠানিকভাবে সংসদ সদস্য হিসেবে দায়িত্ব গ্রহণ করবেন।

এর আগে গত ২৯ এপ্রিল নির্বাচন কমিশন (ইসি) সংরক্ষিত নারী আসনের ৪৯ জন প্রার্থীকে নির্বাচিত ঘোষণা করে। পরদিন তাদের নাম প্রকাশ করে গেজেট জারি করা হয়। গেজেট অনুযায়ী, মোট ৪৯টি আসনের মধ্যে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) পেয়েছে ৩৬টি আসন।

এ ছাড়া জামায়াতে ইসলামী, জাতীয় নাগরিক পার্টিসহ (এনসিপি) ১১ দলীয় জোট থেকে ১২ জন এবং স্বতন্ত্রভাবে একজন নারী সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন।

এদিকে নির্বাচনী প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ অগ্রগতি হিসেবে নুসরাত তাবাসসুমের মনোনয়নপত্র বৈধ ঘোষণা করা হয়েছে। তিনি জামায়াতে ইসলামী নেতৃত্বাধীন ১১ দলীয় জোট ও এনসিপির প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করছেন।

সংরক্ষিত নারী আসনের রিটার্নিং কর্মকর্তা ও নির্বাচন কমিশনের যুগ্ম সচিব মো. মঈন উদ্দীন জানান, শনিবার সকালে নুসরাত তাবাসসুমের মনোনয়নপত্র যাচাই-বাছাই শেষে বৈধ ঘোষণা করা হয়। বিষয়টি আজ কমিশনে উপস্থাপন করা হবে এবং আইনগত পর্যালোচনার পর পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।